দৈনিক ইত্তেফাক

তারিখ ০৭.৯.৯১
পৃষ্ঠা ২ কলাম ৭

63

# ঢাকা বিশ্ববিদ্যালয় আজ খুলিবে

(ইত্তেফাক রিপোর্ট)

প্রায় দেড়মাস বন্ধ থাকার পর আজ (মঙ্গলবার) ঢাকা বিশ্ববিদ্যালয় খুলিতেছে। সশস্ত্র সংঘর্ষের পর গত ৩০ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা করা হয়। বিশ্ববিদ্যালয়ের হলসমূহ গতকালই ছাত্রদের জন্য খুলিয়া দেওয়া হয়।

(শেষ পৃ: ১-এর ক: দ্র:)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

এদিকে বিশ্ববিদ্যালয়ে এখনও থমথমে পরিস্থিতি বিরাজ করিতেছে।

ডাকসুর ভিপি আমানুল্লাহ আমান ও জিএস খায়রুল কবির খোকন এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ বজায় রাখার জন্য শিক্ষা পবিবেশের অন্তর্ভুক্ত সকল ছাত্র সংগঠন ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসহ সকল মহলের সর্বাত্মক সহযোগিতা কামনা করিয়াছে। বিবৃতিতে ডাঃ মিলনের হত্যাকারীদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়িয়া তোলার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান।